

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

14 May 2011

Bangladesh Embassy “Open House” draws huge crowd

The day long Embassy Open House programme of Bangladesh Embassy of [Washington DC](#) draws thousands of crowds. Visitors from all over USA and tourist from other countries visited the day long programme which was organized in coordination with [Cultural Tourism DC](#), a Washington-based non-profit organization dedicated to showcasing [cultural diversity](#) through holding of such events in collaboration with the Embassies in Washington, DC. This is the fourth consecutive year that this particular cultural program has been organized at the Embassy. This year the Department of State proclaimed the month of May 2011 International Cultural Awareness Month in honor of Cultural Tourism DC's Passport DC.

Mr. Akramul Qader, [Bangladesh](#) Ambassador to the USA and State Minister and his wife Mrs. Rifat Sultana Akram welcomed the guests in the Embassy. In his remarks prior to the cultural show, Ambassador Qader said that the cultural event at the Embassy was an effort to showcase various aspects of Bangladesh's culture and heritage to connect to wider audience in the USA. He thanked the guests for attending the event.

The day's program included display of Bangladesh's handicrafts and exportable and cultural program performed by expatriate Bangladeshi artists. [The Embassy](#) availed the opportunity of displaying Bangladesh's history, art and achievements of the present democratic Government in different fields such as women empowerment and Bangladesh's contribution to peacekeeping under the UN. The programme also featured a painting exhibition by a Bangladeshi Monica Jahan Bose, American Painter. The guests enjoyed traditional Bangladeshi cuisine. This year about 3000 spectators attended the event.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৪ মে ২০১১

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস ওপেন হাউজে হাজার মানুষের ঢল

বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত দিনব্যাপী ওপেন হাউজে হাজারো মানুষের সমাগম ঘটে। ‘কালচারাল ট্যুরিজম ডিসি’ নামক ওয়াশিংটন ভিত্তিক একটি অলাভজনক প্রতিষ্ঠানের সহায়তায় আয়োজিত এ অনুষ্ঠানে মার্কিন যুক্তরাষ্ট্র ও পৃথিবীর বিভিন্ন দেশের নাগরিকগণ অংশগ্রহণ করে। উল্লেখ্য, কালচারাল ট্যুরিজম ডিসি ওয়াশিংটনে অবস্থিত দূতাবাসসমূহের সাথে যোগ দিয়ে বিভিন্ন দেশের সাংস্কৃতিক বৈচিত্র্য তুলে ধরে। বিগত বছরসমূহের ধারাবাহিকতায় এ বছর চতুর্থ বারের মতো বাংলাদেশ দূতাবাস এ অনুষ্ঠানটির আয়োজন করেছে। এ প্রসঙ্গে উল্লেখ করা যায়, এ বছর মার্কিন পররাষ্ট্র দফতর কালচারাল ট্যুরিজম ডিসির পাসপোর্ট ডিসি নামক কর্মসূচীর সম্মানে মে ২০১১ মাসকে আন্তর্জাতিক সাংস্কৃতিক সচেতনতা মাস হিসেবে ঘোষণা করেছে।

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের এবং তাঁর স্ত্রী মিসেস রিফাত সুলতানা আকরাম দূতাবাসে আগত অতিথিদের অভ্যর্থনা জানান। সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু পূর্বে তিনি তাঁর বক্তব্যে বলেন, সাংস্কৃতিক অনুষ্ঠানটির উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্যের বিভিন্ন দিক সম্পর্কে মার্কিন যুক্তরাষ্ট্রের অধিবাসীদের অবহিত করা। তিনি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান।

দিনের কর্মসূচীর মধ্যে ছিল বাংলাদেশের হস্তশিল্প ও রফতানী পণ্য প্রদর্শন এবং প্রবাসী বাংলাদেশী শিল্পীদের অংশগ্রহণের সাংস্কৃতিক অনুষ্ঠান। দূতাবাস বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির গৌরবময় দিক এবং বিভিন্ন ক্ষেত্র যেমন : নারী স্বাধীনতা ও জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে বর্তমান গণতান্ত্রিক সরকারের সাফল্য তুলে ধরে। মনিকা জাহান বোস নামক একজন বাংলাদেশী আমেরিকান চিত্রশিল্পীর একক চিত্রপ্রদর্শনীও অনুষ্ঠানটিতে স্থান পায়। অতিথিগণ বাংলাদেশী ঐতিহ্যবাহী খাবার গ্রহণ করেন। অনুষ্ঠানটিতে এ বছর প্রায় তিন হাজার অতিথি অংশগ্রহণ করে।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com